



কমিশনার

অফিস অভ স্কুল হেলথ

ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন এডুকেশন

অক্সিরিস বরবো, এমডি রিচার্ড এ. কারানজা
চ্যাম্পেলর

প্রিয় পিতামাতা অথবা অভিভাবক:

প্রতিবছর, আপনার স্কুল নার্সের **নতুন** ডায়াবেটিস ফরম দরকার যা আপনি এবং আপনার সন্তানের ডাক্তার কর্তৃক পূরণ ও স্বাক্ষরকৃত হতে হবে। হালনাগাদকৃত তথ্য স্কুল নার্সকে আপনার সন্তানকে সর্বোচ্চ প্রযত্নদানের সুযোগ তৈরি করে দেয়।

2019-2020-এর ডায়াবেটিস ফরমগুলি এখানে সংযুক্ত আছে। অনুগ্রহ করে যথাসম্ভব তাড়াতাড়ি এই ফরমগুলি জমা দিন। ডায়াবেটিস মেডিকেশন ফরম (গুলি) **31 মে, 2019** তারিখের মধ্যে জমাদানের পরামর্শ দেয়া হচ্ছে। এতে আপনার সন্তান যাতে সেপ্টেম্বরে স্কুল বছরের শুরুতেই অনুমোদিত পরিষেবা লাভ করে সেবিষয়টি সময় নিয়ে পর্যালোচনা ও নিশ্চিত করতে স্কুল হেলথ চিকিৎসক কিছুটা সময় পাবেন। আপনার ডাক্তার এই ডায়াবেটিস ফরমটি পূরণ করে দেবার পর, অনুগ্রহ করে তার সঠিক পরিচয় নিশ্চিত করার জন্য ফরমের বাঁ পাশের উপরের কোণায় একটি ছোট ফটো লাগিয়ে দিন।

আপনি যদি ডায়াবেটিস মেডিকেশন ফরম (গুলি) স্কুলের শেষ দিনের আগে স্কুল নার্সের কাছে জমা দিতে সক্ষম না হন, তাহলে সেগুলি এখানে উল্লিখিত ঠিকানায় ডাকযোগে পাঠিয়ে দিতে পারেন:

DMAF Coordinator
New York City Department of Health & Mental Hygiene
Office of School Health
Gotham Center
42-09 28th Street, CN-25
Queens, New York 11101-4714

আপনি ফরমটি 347-396-8945 অথবা 347-396-8932 নম্বরে ফ্যাক্সও করতে পারেন। ফরমের উভয় পৃষ্ঠা ফ্যাক্স করেছেন সেটা অনুগ্রহ করে নিশ্চিত করুন।

আপনার সন্তানের যদি স্কুল ভিত্তিক বিশেষ সুবিধা পরিকল্পনাও থাকে, আপনাকে পরামর্শ দেয়া হচ্ছে, আপনার 504 নবায়নের আবেদনটি আপনার স্কুলের 504 কোঅর্ডিনেটরের কাছে যথাশীঘ্র আনার জন্য। এর ফলে 504 টিম মিটিংটি স্কুল বছর শেষ হবার আগে অনুষ্ঠানের এবং 2019-20 মতুল বছরের জন্য একটি বিশেষ সুবিধা পরিকল্পনা প্রদানে সক্ষম হতে পারা যাবে।

আপনার যদি কোন প্রশ্ন থাকে, দয়া করে আপনার স্কুল নার্স, 504 কোঅর্ডিনেটরের সাথে কথা বলুন অথবা 718-310-2405 নম্বরে ফোন করুন।

আপনাকে ধন্যবাদ,

ড. শেরিল লরেন্স
মেডিক্যাল ডিরেক্টর
অফিস অভ স্কুল হেলথ